গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mor.gov.bd

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: সেলিম রেজা<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২০/১২/২০২১ |
| সময় | : | দুপুর ১২.৩০ ঘটিকা |
| সভারস্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৯৩০) |

**সভার উপস্থিতি:**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন । সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে উপস্থাপন করা হলো।

২। **প্রারম্ভিক আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশলের গুরুত্ব তুলে ধরে বলেন, রেলপথ মন্ত্রণালয় ইতোপূর্বে শুদ্ধাচার পুরস্কার পেয়েছিল, সুতরাং যে মানে উপনীত হয়েছি তা থেকে নিম্নমুখী হওয়া যাবে না। জাতীয় শুদ্ধাচার কর্মকৌশলে বর্ণিত কার্যক্রমসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করলে দাপ্তরিক কাজের গুণগত মান আরো বৃদ্ধি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি রেলপথ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সদস্য রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) কে অনুরোধ করেন।

২.২ সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) নৈতিকতা কমিটির কার্যপরিধি সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। পরবর্তীতে তিনি জাতীয় শুদ্ধাচার কর্মকৌশলের তিনটি বৃহৎ ক্যাটাগরি (১) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা; (২) আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন; (৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন এর উপরে গুরুত্ব আরোপ করেন।

২.৩ সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) গত সভার কার্যবিবরনী পাঠ করেন এবং সিদ্ধান্তের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ১৫.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কোনো সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩ আলোচ্য বিষয়, আলোচনা, গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব নিম্নরুপ:

| ক্র: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | রেলপথ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটি'তে যুগ্মসচিব (আইন ও ভূমি)-এঁর পরিবর্তে অতিরিক্ত সচিব (আইন ও ভূমি)-কে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পুনর্গঠনের বিষয়ে আলোচনা হয়। | যুগ্মসচিব (আইন ও ভূমি)-এঁর পরিবর্তে অতিরিক্ত সচিব (আইন ও ভূমি)-কে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হয়েছে। | |
| ২. | **অংশীজনের সভা:**<br>সভায় ২০২১-২২ অর্থ-বছরের অংশীজন সভার বিষয়ে আলোচনা করা হয়। গত ২২/০৯/২০২১ তারিখ ঢাকাস্থ রেলভবনে একটি অংশীজন সভা আয়োজন করা হয়। ২০২১-২২ অর্থবছরের অন্য ০৩টি অংশীজন সভা প্রতি কোয়ার্টারে ১টি করে ঢাকা বাইরে বাংলাদেশ রেলওয়ের স্থানীয় অংশীজনদের নিয়ে করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১)অক্টোবর-ডিসেম্বর কোয়ার্টারের অংশীজন সভা ঢাকার বাইরে অর্থাৎ চট্টগ্রাম, রাজশাহী ও খুলনায় আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে আয়োজন করতে হবে। বাংলাদেশ রেলওয়ের স্থানীয় কর্মকর্তা কর্মচারীদের সাথে আলোচনা করে সভার আলোচ্য বিষয় নির্বাচন করতে হবে।<br>(২)অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিতব্য সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভার আলোচনায় এবং বাস্তবায়নের হার কার্যবিবরণীতে উল্লেখ করতে হবে। | ১.মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে<br><br>২.অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| ৩. | **কর্ম-পরিবেশ উন্নয়ন:**<br>রেলপথ মন্ত্রণালয় ও এর অধীনস্ত সংস্থার উদ্যোগে সকল কর্মকর্তা/কর্মচারীর মধ্যে স্যানিটাইজার ও মাস্ক সরবরাহ করা হয়েছে। সকল কর্মকর্তা/কর্মচারী এবং রেলভবনে আগত দর্শনার্থীদের মাস্ক ব্যবহার বিষয়ে সভায় অভিমত প্রকাশ করা হয়ে।<br>নির্ধারিত সময়ের মধ্যে অকেজো কম্পিউটার /ইলেকট্রনিক্স এবং বিনষ্টযোগ্য নথি বিনষ্টকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্ব আরোপ করা হয়। | (১) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং রেলভবনে আগত সকল দর্শনার্থীদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(২) নির্ধারিত সময়ের মধ্যে অকেজো কম্পিউটার/ইলেকট্রনিক্স এবং বিনষ্টযোগ্য নথি বিধিমোতাবেক বিনষ্টকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br><br>৩.উপসচিব (প্রশাসন-১) |
| ৪. | **প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ:**<br>১ম কোয়ার্টারের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫ অক্টোবর, ২০২১ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০২২ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br><br>২। সিনিয়র সিস্টেম এনালিস্ট |

| | | | |
|---|---|---|---|
| ৫. | **ফিডব্যাক কর্মশালা আয়োজন:**<br>রেলপথ মন্ত্রণালয়ের অধীনস্ত সংস্থার প্রতিনিধিদের নিয়ে ১ম কোয়ার্টারের কার্যক্রমের উপরে ফিডব্যাক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br>২য় কোয়ার্টারের কার্যক্রমের উপর আরও গুরুত্বের সাথে ফিডব্যাক কর্মশালা আয়োজনে অভিমত প্রকাশ করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর অধিনস্ত সংস্থার প্রতিনিধিদের নিয়ে ২য় কোয়ার্টারের ফিডব্যাক কর্মশালা আগামী ৩০ জানুয়ারি, ২০২২ এর মধ্যে আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) |
| ৬. | **প্রকল্পের পিএসসি সভা:**<br>উন্নয়ন প্রকল্পের পিএসসি সভা ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ৬টির স্থানে ০২টি অনুষ্ঠিত হয়েছে। ২য় কোয়ার্টারে ০৮টি পিএসসির সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | উন্নয়ন প্রকল্পের পিএসসি সভা ২য় কোয়ার্টারের নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৮টি আয়োজন করতে হবে। পিএসসি সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির একটি সংক্ষিপ্ত প্রতিবেদন সংযুক্ত করতে হবে। | যুগ্ম সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) |
| ৭. | **উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক মালামাল হস্তান্তর:**<br>উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক মালামাল হস্তান্তরের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ২০২০-২১ অর্থ বছরের সমাপ্ত উন্নয়ন প্রকল্প (যদি থাকে) এবং ২০২১-২২ অর্থ বছরের ২য় কোয়ার্টারে যে সমস্ত প্রকল্প সমাপ্ত হবে সে সকল প্রকল্পের যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি বিধি মোতাবেক ১৫ জুন,২০২২ এর মধ্যে হস্তান্তর করতে হবে এবং তথ্য ওয়েব সাইটে আপলোড করতে হবে। | যুগ্ম সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) |
| ৮. | **ভ্রাম্যমান আদালত পরিচালনা করা:**<br>রেলের এবং রেলস্টেশনের রেস্টুরেন্টের খাবারের মান বৃদ্ধির জন্য ভ্রাম্যমান আদালত পরিচালনার লক্ষ্যে ১০ অক্টোবর,২০২১ তারিখে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে সচিব রেলপথ মন্ত্রণালয়ের স্বাক্ষরে আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়েছে। সভায় নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার উপর গুরুত্ব আরোপ করা হয়। | নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা করে রিপোর্ট দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৯. | **আধুনিক প্রযুক্তি সম্পন্ন সিঁড়ি/র‍্যাম্পের ব্যবস্থা:**<br>২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী রেলের কোচে যাত্রীদের উঠানামা নিরাপদ ও আরামদায়ক করার জন্য ০২টি আধুনিক প্রযুক্তি সম্পন্ন সিঁড়ি/র‍্যাম্প স্থাপনের বিষয়টি নিশ্চিত করার জন্য বিস্তারিত আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে রেলের কোচে যাত্রীদের উঠানামা নিরাপদ ও আরামদায়ক করার জন্য ০২টি আধুনিক প্রযুক্তি সম্পন্ন সিঁড়ি/র‍্যাম্প স্থাপন করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |

| | | | |
|---|---|---|---|
| ১০. | **লোকোমোটিভে ফুয়েল ট্র্যাকার:**<br>১ম কোয়ার্টারে জ্বালানী তেল চুরি রোধকল্পে লোকোমোটিভে ০৫টি ফুয়েল ট্র্যাকার সংযোজনের লক্ষ্যমাত্রা ছিল, অর্জন হয়েছে ০৩টি।<br>২য় কোয়ার্টারে ফুয়েল ট্র্যাকার সংযোজনের লক্ষ্যমাত্রা ০৫টি রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | লোকোমোটিভে লক্ষ্যমাত্রা অনুযায়ী ফুয়েল ট্র্যাকার সংযোজনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |

০৫। সভাপতি করোনার কারণে বাস্তবায়ন অগ্রগতিতে কিছুটা সময়ক্ষেপণ হলেও বর্তমানে চলতি কোয়ার্টারের যে সময়টুকু রয়েছে তার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের পরামর্শ দেন। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সেলিম রেজা)<br>
সচিব<br>
রেলপথ মন্ত্রণালয়<br>
ও<br>
আহবায়ক<br>
নৈতিকতা কমিটি